

জাতীয়করণকৃত
প্রাথমিক
বিদ্যালয়ে প্যানেল
শিক্ষক নিয়োগের
নির্দেশ

স্টাফ রিপোর্টার । জাতীয়করণকৃত রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম পদসহ সকল শন্যপদে প্যানেল শিক্ষকদের নিয়োগের নির্দেশ দিয়েছে সরকার । প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক (পলিসি ও অপারেশন) মোঃ আনোয়ারুল হক স্বাক্ষরিত নির্দেশ দেশের ৬১ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের কাছে পাঠানো হয়েছে । আনোয়ারুল হক বৃহস্পতিবার সাংবাদিকদের বলেছেন, মাঠ পর্যায়ে বিভ্রান্তি দূর করতে নির্দেশনা দেয়া হয়েছে । প্যানেল শিক্ষকের সংখ্যা ২৮ হাজার । সরকারের নির্দেশে দীর্ঘদিনের আন্দোলন এবং জটিলতা কাটলো ।